

দৈনিক ইত্তেফাক

প্রতিষ্ঠাতা ওয়াহিদুল হোসেন মাসিক মিয়া

মহেশপুরের স্কুলে মায়ের পা ধুয়ে দিল শিক্ষার্থীরা

🕒 ১৫ মে, ২০১৮ ইং ০০:০০ মিঃ



মহেশপুর (বিনাইদহ) সংবাদদাতা

মহেশপুরের ফতেপুর গাজীরননেছা বালিকা বিদ্যালয়ে বিশ্ব মা দিবস উপলক্ষে সোমবার মা সমাবেশ ও চরণ ধৌত অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। মানবাধিকার সংগঠন আরডিসি ও সিও সংস্থার যৌথ উদ্যোগে বিদ্যালয় পরিচালনা পরিষদের সভাপতি আব্দুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন উপজেলা সহকারী কমিশনার (ভূমি) রোজিনা আক্তার। বিশেষ অতিথির বক্তব্য রাখেন ফতেপুর ইউপি চেয়ারম্যান সিরাজুল ইসলাম সিরাজ, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার আমজাদ হোসেন, সিও সংস্থার সহকারী পরিচালক তোফাজ্জেল হোসেনসহ শিক্ষক প্রতিনিধি আবুল কালাম আজাদ, ওয়ালিউল্লাহ ও তহমিনা প্রমুখ। সমাবেশে শতাধিক ছাত্রীরা তাদের মায়ের পা ধুয়ে দেয়।

এ সময় সেখানে এক অভূতপূর্ব দৃশ্যের অবতারণা হয়। মা ও সন্তানের গভীর ভালোবাসা ফুটে ওঠে। অনুষ্ঠানে সকল মাকে সাবান ও মগ উপহার দেওয়া হয়।

ভারপ্রাপ্ত সম্পাদক: তাসমিমা হোসেন।

ইত্তেফাক গ্রুপ অব পাবলিকেশন্স লিঃ-এর পক্ষে তারিন হোসেন কর্তৃক ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ থেকে প্রকাশিত ও মুহিবুল আহসান কর্তৃক নিউ নেশন প্রিন্টিং প্রেস, কাজলারপাড়, ডেমরা রোড, ঢাকা-১২৩২ থেকে মুদ্রিত।

© প্রকাশক কর্তৃক সর্বস্বত্ত্ব সংরক্ষিত